

145122 - অমুসলিম পিতামাতা মদ পানকালে মুসলিম মেয়ের তাদের সাথে বসে থাকার বিধান

প্রশ্ন

প্রশ্ন: আমি একজন মুসলিম নারী। আমি আমার অমুসলিম পিতামাতার সাথে বসবাস করি। যখন আমি ইসলাম গ্রহণ করেছি তখন আমাদের সম্পর্ক চরম চাপের মুখে পড়েছিল। ইসলাম গ্রহণ করার কারণে তারা আমার সাথে দুর্ব্যবহার করতেন। সময়ের সাথে সাথে তারা আগের চেয়ে বেশি মেনে নিচ্ছেন। আল্লাহ্ তাআলা আমার প্রতি ও ইসলামের প্রতি তাদের দু'জনের হৃদয়কে কোমল করে দিয়েছেন। এখন তারা আমার বিষয়গুলো গুরুত্ব দিয়ে দেখেন, তারা হালাল খাবার খান ইত্যাদি। তবে, রাতের খাবারে আমার বাবা-মা মদ পান করেন এবং সবসময় তারা আমাকে সাথে নিয়ে বসেন। কারণ একসাথে খাবার গ্রহণের অভ্যাসটি আমাদের বাসায় মেনে চলা হয়। আমার বাবা-মা জানেন যে, আমি মদ পছন্দ করি না। আমি সবসময় তাদেরকে সে বিষয়টি জানিয়ে থাকি। কিন্তু, তাদের বাসায় থেকে তাদেরকে মদ পান থেকে বিরত রাখতে পারছি না। আমার বাবা স্পষ্টভাবে তা জানিয়ে দিয়েছেন।

এমতাবস্থায়, আমি কি তাদের সাথে উঠাবসা বর্জন করব? আমি জানি যে, এ ধরনের সিদ্ধান্ত তাদের সাথে আমার সম্পর্ককে পুনরায় হুমকির মুখে ফেলবে। যদি আমি তাদের সাথে উঠাবসা না করি তাহলে তারা কষ্ট পাবে। আপনারা কি এ বিষয়ে আমাকে পরামর্শ দিতে পারেন?

প্রিয় উত্তর

এক:

আমরা আল্লাহ্র প্রশংসা করছি, যিনি আপনাকে ইসলামের দিশা দিয়েছেন। আমরা আল্লাহ্র কাছে প্রার্থনা করছি, তিনি যেন আপনাকে ইসলামের উপর অবিচল রাখেন, আপনাকে তাওফিক দেন এবং আপনার পিতামাতা ও প্রিয়জনকেও হেদায়েত দান করেন। আপনার উচিত হবে, আপনার পিতামাতাকে ইসলামের দাওয়াত দেয়ার ব্যাপারে সচেতন থাকা। তাদের সাথে সদ্ব্যবহার ও সদাচরণ করার ব্যাপারে সচেতন থাকা; যেভাবে আমাদের মহান ধর্ম আমাদেরকে নির্দেশ দিয়ে থাকে।

দুই:

এমন কোন খাবার টেবিলে বসা নাজায়েয; যে টেবিলে মদ পরিবেশন করা হয়। ইমাম আহমাদ ও তিরমিযি (২৮০১) জাবের (রাঃ) থেকে বর্ণনা করেন যে, নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেন: “যে ব্যক্তি আল্লাহ্র প্রতি ও পরকালে ঈমান রাখে সে যেন এমন কোন দস্তুরখানে না বসে যেখানে মদ পরিবেশন করা হয়।” ইবনে হাজার ফাতহুল বারী গ্রন্থে এ হাদিসটিকে ‘নাসাঈ’ এর দিকে সম্বন্ধিত করেছেন এবং সনদটিকে ‘হাসান’ বলেছেন। আলবানী ‘ইরওয়াউল গালিল’ (৬/৭) গ্রন্থে হাদিসটিকে ‘সহিহ’ আখ্যায়িত করেছেন।

কারণ মদ খাওয়া মহা অন্যায়, কবির গুনাহ; এমন অন্যায় কাজ করা ও এতে সম্মতি দেয়া নাজায়েয।

মুমিন ব্যক্তি হাত দিয়ে অন্যায়ের প্রতিবাদ করতে আদিষ্ট; হাত দিয়ে না পারলে মুখ দিয়ে; মুখ দিয়ে না পারলে অন্তর দিয়ে; তবে সে ক্ষেত্রে সম্ভব হলে অন্যায় সংঘটনের স্থান থেকে দূরে চলে যাওয়া আবশ্যিক।

আরও জানতে দেখুন [145587](#) নং ও [94936](#) নং প্রশ্নোত্তর।

যে দস্তুরখানে মদ পান করা হয় সে দস্তুরখানে না-বসা এটাই হচ্ছে মূল বিধান। তাই আপনার পিতামাতা যদি খাবারের শেষে মদ পান করে সেক্ষেত্রে আপনি তাদের সাথে খাওয়া-দাওয়া করে তাদের মদ পানের আগে সেখান থেকে উঠে যাবেন। আর যদি তারা খাবারের মাঝে মাঝে মদ পান করে সেক্ষেত্রে আপনি তাদের সাথে না-বসলে যদি বড় কোন সমস্যার আশংকা না থাকে তাহলে সেটা করুন এবং তাদেরকে জানিয়ে দিন যে, আপনার ধর্ম মদের আসরে বসা থেকে বারণ করে।

আর আপনি যদি বড় কোন সমস্যার আশংকা করেন যেমন আপনাকে বাড়ি থেকে বের করে দেওয়া, ইসলাম গ্রহণের প্রাথমিক আলামত দেখা যাওয়ার পর আপনার কথায় পাত্রা না দেয়া (নিছক তাদের জন্য পীড়াদায়ক হওয়া এমন সমস্যার কারণে নয়) তাহলে অন্তরের ঘৃণার সাথে তাদের সাথে বসা আপনার জন্য জায়েয হবে।

আপনার উচিত তাদের কাছে মদের অপকারিতা ও ক্ষতিকর দিক এবং যেসব কারণে মদ হারাম হওয়া যথাযথ সেসব বিষয় তাদের কাছে তুলে ধরা। দেখুন [40882](#) নং প্রশ্নোত্তর।

আমরা আল্লাহ্র কাছে আমাদের জন্য ও আপনার জন্য তাওফিক প্রার্থনা করছি।

আল্লাহ্‌ই ভাল জানেন।